Owner : SOMIRUL ISLAM. Outstanding Amount : **Rs. 9,09,265.00** + Interest + Charges. The Reserve Price is **Rs. 6,41,000.00**, The earnest money deposit (EMD) will be **Rs. 64,100.00** and Incremental Value will be **Rs.10,000.00**
CAR Details : KIA SONET G1.2MT HTK (O) - BS6, REGN NO. **WB57K0411,** REGN. DATE : **25.04.2025,** Chassis No.: **MZBFB812LSN512621,** Engine No. : **G4LFSV529107,** Year of Manufacture : **2025,** Fuel Type : **PETROL.**

DATE OF INSPECTION : 20.11.2025 & 21.11.2025

a)For detailed terms and conditions of the sale, please refer to the link provided in State Bank of India, the Secured Creditor's website www.sbi.co.in and specific link created for the particular e-Auction : https://BAANKNET.com
b) Intending bidder/s should transfer his EMD amount by means of challan generated on his bidder account maintained with PSB Alliance Pvt. Ltd. by means of NEFT/ RTGS transfer from his bank account well before the auction date. For any queries please contract support.baanknet@psballiance.com

Date: 16.11.2025
Place: Berhampore

AUTHORISED OFFICER
SBI, BERHAMPORE

JAI BALAJI INDUSTRIES LIMITED

CIN : L27102WB1999PLC089755
Registered Office : 5, Bentinck Street, Kolkata - 700001
Phone: (033) 2248-9808, Fax : (033) 2243-0021
Email : jaibalaji@jaibalajigroup.com, Website : www.jaibalajigroup.com

UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND HALF YEAR ENDED 30TH SEPTEMBER, 2025

The standalone and consolidated un-audited financial results of the Company for the quarter and half year ended 30th September, 2025, approved by the Board of Directors at their meeting held on 14th November, 2025, along with the Auditor's Limited Review Reports thereon as filed with the Stock Exchanges under Regulations 33 of the SEBI (Listing Obligations & Disclosure Requirements) Regulations, 2015, are available on the Stock Exchanges websites **(www.bseindia.com & www.nseindia.com)**, the Company's website **(https://jaibalajigroup.com/financial-results/)** and can also be accessed by scanning the following Quick Response Code.

FOR JAI BALAJI INDUSTRIES LIMITED
sd/-
Aditya Jajodia
(Chairman & Managing Director)
(DIN : 00045114)

Place: Kolkata
Date : 14th November, 2025

DECILLION FINANCE LIMITED

Regd. Off: "Jajodia Tower", 3, Bentinck Street,Room No.D-8,4th Floor, Kolkata-700001,
CIN : L65999WB1995PLC067887 E-MAIL:info@decillion.co.in WEBSITE:www.decillion.co.in

EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND HALF YEAR ENDED 30TH SEPTEMBER, 2025

(₹. in Lakhs)

Sl No	Particulars	Quarter Ended			Half Year Ended		Year Ended
		30.09.2025 Unaudited	30.06.2025 Unaudited	30.09.2024 Unaudited	30.09.2025 Unaudited	30.09.2024 Unaudited	31.03.2025 Audited
1	Total Income from Operations	31.49	27.29	26.58	58.78	52.70	107.36
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items#)	27.21	15.40	8.64	42.61	22.95	8.83
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items#)	27.21	15.40	8.64	42.61	22.95	8.83
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items#)	21.14	11.25	6.46	32.39	16.84	6.60
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	21.60	14.29	6.46	35.88	16.84	6.60
6	Equity Share Capital	350.00	350.00	350.00	350.00	350.00	350.00
7	Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations)						
	Basic & Diluted:	0.6	0.32	0.18	0.93	0.48	0.19

Notes:

1 The above is an extract of the detailed format of the Un-Audited Financial Results for the Quarter and Half year ended 30th September, 2025 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (LODR) Regulations, 2015. The full format of the 2nd Quarter ended Financial Results is available on the Stock Exchange at www.bseindia.com & www.cse-india.com and also on the websites of the company at www.decillion.co.in.
2 The above results have been reviewed by the audit committee and approved by the Board of Directors at their meeting held on 13th November, 2025.

Place : Kolkata
Dated : 13.11.2025

For and on behalf of the Board
For Decillion Finance Limited
Sd/-
(Jitendra Kumar Goyal)
Managing Director
DIN: 00468744

বিহার নির্বাচন কমিশনের নাম বদলে বিজেপি কমিশন করা হোক : বৃন্দা কারাত

ভাস্কর বিশ্বাস, হাওড়া : হাওড়ায় সারা ভারত গণতান্ত্রিক মহিলা সমিতির সম্মেলনে এসে বিস্ফোরক অভিযোগ করেন সিপিআই(এম) দলের পলিটব্যুরো সদস্য বৃন্দা কারাত। এই বাম নেত্রী বিহারের নির্বাচনী ফলকে 'অনভিপ্রেত' আখ্যা দিয়ে বলেন, 'ভারতীয় জনতা পার্টি তাদের ক্ষমতাকে কাজে লাগিয়ে নির্বাচন কমিশনকে ব্যবহার করে ভোটের নিয়ম ভেঙেছে। যে নিয়ম সব পার্টির ক্ষেত্রে প্রযোজ্য, সেই নিয়মের ওপরে যে বিজেপি, তা স্পষ্ট হয়ে গেছে। নির্বাচন কমিশন সম্পূর্ণ বেআইনিভাবে বিজেপিকে সাহায্য করেছে।' তিনি আরো বলেন, 'এই ভোটের জন্য বিজেপি কোটি কোটি টাকা খরচ করেছে। এর পরেও যে ফল হয়েছে, তা বামপন্থীদের জন্য বড়ো চ্যালেঞ্জ। বিহারে বিজেপির ভূমিকা প্রসঙ্গে বৃন্দা কারাত স্পষ্ট জানান, 'তাদের রাজনীতি উন্নয়নের জন্য নয়, বরং বিভাজনের রাজনীতি ছিল, যে কারণে বিহার আজও দেশের অন্যতম গরিব রাজ্য।' এরপরই নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে বৃন্দা কারাত কটাক্ষ করে বলেন, 'এটা আমি হলফ করে বলতে পারি যে বিহারের ভোটের যদি এই নমুনা হয়, তাহলে দেশের নির্বাচন কমিশনের নাম বদলে তা ভারতীয় জনতা পার্টি কমিশন নাম দেওয়া উচিত। সিপিএম তাদের ৪টি আসনের মধ্যে ১টিতে জয়ী হয়েছে। ১টি আসনে খুব কম ব্যবধানে হেরেছে। দলের পক্ষ থেকে এই ফল বিশদভাবে বিশ্লেষণ করা হচ্ছে।' এসআইআর সংক্রান্ত বিষয় নিয়েও উদ্বেগ প্রকাশ করে বৃন্দা কারাত বলেন, 'এসআইআর সাধারণ মানুষের মধ্যে সমস্যা তৈরি করছে। এসআইআর গরিবদের ভোটে অংশগ্রহণ থেকে সরিয়ে দিতে চাইছে। এটা বেআইনি। এত বছর ধরে আমরা ভোট দিচ্ছি, তার পরেও ফর্ম ভরতে হবে। এটা ঠিক নয়। এটি শুধুমাত্র এসআইআরের ব্যাপার নয়, বিজেপির সঙ্গে যেসব সহযোগী দল ক্ষমতার অপব্যবহার করছে, তা নিশ্চিতভাবে পরবর্তীকালে এক বড়ো চ্যালেঞ্জ। মানুষ এই চ্যালেঞ্জ গ্রহণ করবে।'

খাল সংস্কারের নামে বাগজোলা খালের একাংশ দখলের অভিযোগ

প্রতীতি ঘোষ, বারাকপুর : খাল সংস্কারের নামে অবৈধভাবে বাগজোলা খালের অংশ দখল করার অভিযোগ উঠেছে জমি মাফিয়াদের বিরুদ্ধে। খালের জমি দখলের খবর পেয়ে ঘটনাস্থলে বরানগরের তৃণমূল বিধায়ক গেলে তাঁকে ঘিরে বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। সমস্যার মেটানোর আশ্বাস দিয়েছেন বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়। বর্ষা নামলেই বারাকপুর শিল্পাঞ্চলের অধীন কামারহাটি, বরানগর, দমদম পুরএলাকার বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয়ে পড়ে। ওই সব অঞ্চলের জল বরানগর পুরসভার ১ নং ওয়ার্ডের ওপর দিয়ে বয়ে যাওয়া বাগজোলা খালে গিয়ে পড়ে। ফলে এই খালটি যাতে পরিষ্কার থাকে তার জন্য খালের সংস্কার দরকার। তাই খালটি সংস্কারের জন্য দমদমের সাংসদ সৌগত রায় তাঁর সাংসদ তহবিল থেকে অর্থ বরাদ্দ করেছিলেন। সেই টাকায় বাগজোলা খালের সংস্কার হয়েছিল। স্থানীয়দের অভিযোগ, সম্প্রতি বরানগর পুরসভার ১ নং ওয়ার্ডের সতীন সেন নগরের কাছে পাইলিংয়ের নামে বাগজোলা খালের অংশ অবৈধভাবে দখল করছে কিছু জমি মাফিয়া। খাল সংস্কারের কাজ চালু থাকলেও সেই কাজের আড়ালে খালের জমি দখল হয়ে যাচ্ছে। ফলে ৫০ ফুটের খাল ২০ ফুট হয়ে গেছে। খালের আকার ড্রেনের মতো হয়ে যাচ্ছে। ফলে আগামী বর্ষায় এই খাল দিয়ে বর্ষার জল যেতে পারবে না। এই অভিযোগ পেয়ে ঘটনাস্থলে আসেন বিধায়ক। ঘটনাস্থলে আসা মাত্রই তাঁকে ঘিরে বিক্ষোভ দেখান এলাকার বাসিন্দারা। পাশাপাশি জমি মাফিয়াদের বিরুদ্ধেও তাঁরা সরব হন। ক্ষুব্ধ বাসিন্দাদের সঙ্গে কথা বলেন সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়। বাগজোলা খালের অংশ কোনোভাবে দখল করা যাবে না বলেও তিনি সাফ জানিয়ে দেন। বিধায়ক সমস্যার দ্রুত সমাধানের আশ্বাস দেন।

এজরা স্ট্রিটে ভয়াবহ আগুন

উজ্জ্বল দত্ত, কলকাতা : শনিবার খুব ভোরে লালবাজারের কাছে এজরা স্ট্রিটের এক গুদামে আগুন লাগে। আশেপাশে ঘিঞ্জি এলাকা হওয়ায় আগুন খুব তাড়াতাড়ি ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে আসে দমকলের ২৫টি ইঞ্জিন। ল্যাডারের সাহায্য নিয়ে আগুন নিয়ন্ত্রণ করা হয়। ঘিঞ্জি এলাকা হওয়ায় বিপুল ক্ষয়ক্ষতির আশঙ্কা রয়েছে। স্থানীয় সূত্রে খবর, শনিবার ভোর ৫টা নাগাদ গুদামে আগুন লেগে যায়। বৈদ্যুতিন যন্ত্রপাতি ও প্রচুর বৈদ্যুতিক তার ছিল গুদামে। মজুত করা ছিল অনেক দাহ্য পদার্থ। তাই চট করে আগুন ছড়িয়ে পড়ে। ভালো করে কেউ কিছু বুঝে ওঠার আগেই আগুনের লেলিহান শিখা গ্রাস করে গোটা জায়গা। চারদিক ঢেকে যায় কালো ধোঁয়ায়। দমকলের কর্মীরা গ্যাস কাটার দিয়ে দেওয়াল কেটে বিল্ডিংয়ের ভেতরে ঢোকার চেষ্টা করেন। বেলা ১০ টা নাগাদ আগুন নিয়ন্ত্রণে আসে। আগুনে ক্ষয়ক্ষতি দেখতে আসেন মেয়র ও মন্ত্রী ফিরহাদ হাকিম ও দমকল মন্ত্রী সুজিত বসু। সুজিত বসু বলেন, 'একা দমকল বা একা পুলিশ সব পারবে ব্যাপারটা এমনটা নয়। যাঁরা ব্যবসা করছেন তাঁদেরও কিছু দায়িত্ব থাকতে হবে। একা দমকল সব পারবে না। পুলিশও সব পারবে না। এর আগে এফআইআর হয়েছে। যদি দেখা যায় আইন ভেঙে কিছু হয়েছে ব্যবস্থা হবে। সব কিছু আমাদের ওপর পড়ে না। কিছু কিছু বিষয় দেখে পুরনিগমও।' এদিকে, এই অগ্নিকাণ্ডের ঘটনায় ফের প্রশ্নের মুখে বহুতলের অগ্নিনির্বাপণ ব্যবস্থা। অভিযোগ খতিয়ে দেখে আগামী সপ্তাহে বৈঠকে বসা হবে বলে জানিয়েছেন ফিরহাদ হাকিম। এদিন ঘটনাস্থল পরিদর্শনের পর মেয়র ফিরহাদ হাকিম বলেন, 'ওই বহুতলে অনেক বৈদ্যুতিন তার আগোছালোভাবে দেখা গেছে। আমি সিইএসসি, দমকল, ব্যবসায়ী সমিতি, পুরনিগম, পুলিশকে নিয়ে বৈঠক করব। যাতে বড়বাজারে যাঁরা ব্যবসা করেন, তাঁরা সুষ্ঠুভাবে করতে পারেন। যাতে দমকল আসতে অসুবিধা না হয়, তা দেখার দায়িত্ব সকলের।' জানা গেছে, ওই অগ্নিদগ্ধ বহুতল অনেকদিনের পুরোনো। কমপক্ষে ২২বার আগুন লেগেছে বলেই দাবি কংগ্রেস কাউন্সিলর সন্তোষ পাঠকের। তাঁর অভিযোগ, 'এটা ঘিঞ্জি এলাকা। এর আগে ২২ বার আগুন লেগেছে। আগুন লাগার ঝুঁকি নিয়ে দমকল, পুলিশ কমিশনারকে লিখেছি। কারও টনক নড়েনি। কাগজ আমার কাছে আছে। কিছুই ঠিকঠাক হয়নি।' যদিও সে অভিযোগ উড়িয়ে দিয়েছেন মেয়র ফিরহাদ হাকিম। তাঁর দাবি, অবৈধ নির্মাণ আদেও ওই বহুতলে হয়েছে কিনা, তা কলকাতা পুরনিগমের বিল্ডিং বিভাগ খতিয়ে না দেখা পর্যন্ত বলা সম্ভব নয়। হতে পারে বেআইনি, আমি চ্যালেঞ্জ করছি না। এত বড় বাড়িতে কে কী করছেন, তা জানা যায় না। যখন এগুলো হয়, তখন কেউ জানায়নি। একশো-দেড়শো বছরের পুরোনো বাড়ি। তাই কতটা আইনি, কতটা বেআইনি নির্মাণ তা এখনই বলতে পারব না। আগে বিল্ডিং বিভাগের লোকজনরা আসবেন, তবেই বলতে পারব। প্রমাণ পেলে অবৈধ নির্মাণ ভেঙে দেওয়া হবে।'

দুষ্টু পত্রিকার উদ্যোগে শিশু দিবসের অনুষ্ঠান

সুমনকুমার দাস, খড়গপুর : শুক্রবার সন্ধ্যায় শিশু ও কিশোর সাহিত্য পত্রিকা 'দুষ্টু'র উদ্যোগে শিশু দিবস উপলক্ষে সাহিত্যানুষ্ঠান হয়। এদিন পত্রিকা ২৫ বছরে পা রাখে। দেবরাজ ঘোষ, দিতিপ্রিয়া হাজরা, অরিত্র সামন্ত আবৃত্তি পরিবেশন করে। রোশিকা মাণ্ডি, বাণীশ্রী দাস, সঞ্চয়িতা ঘোড়াই নৃত্য পরিবেশন করে। শিশুদের বই ও কলম উপহার দেওয়া হয়। ছিলেন কবি কাঞ্চন দে, অরবিন্দ অধিকারী, শ্যামল দে, বিভু কানুনগো ও অন্যরা। এদিন প্রবীণ লেখক নবীনচন্দ্র দাসের বই 'আনন্দ লহরী'র উদ্বোধন হয়। পত্রিকার সম্পাদক সুভাষচন্দ্র বসু। তিনি বলেন, '২৫ বছর ধরে একনাগাড়ে দুষ্টু পত্রিকা বের হচ্ছে। প্রচুর নতুন লেখকদের সুযোগ দেওয়া হয়েছে। খুবই প্রতিকূলতার মধ্যে পত্রিকা বের করতে হয়। ১ বছর ধরে নানা অনুষ্ঠান হবে।'

অন্য রীতির গল্পকার শিখর রায়ের স্মরণসভা

আজ বিকেল সাড়ে ৫টা থেকে বারুইপুরের 'উৎসব কমিউনিটি হল'এ শিল্পী, সাহিত্যিক ও সম্পাদক শিখর রায়ের স্মরণসভা হবে। আকাশবাণীর আঞ্চলিক অধিকর্তা পদে দীর্ঘকাল কাজের পাশাপাশি অসাধারণ ভালো রবীন্দ্রসঙ্গীত গাইতেন। ছবি আঁকা আর অঙ্কন শিল্পেও ছিল ব্যুৎপত্তি। অন্য রীতির গল্পকার হিসাবে পরিচিত হলেও ২টি জনপ্রিয় উপন্যাস লিখেছেন। এদিন তাঁর জীবনের টুকরো নানান ঘটনা নিয়ে স্মৃতিচারণা করবেন তাঁর ঘনিষ্ঠ আপনজন আর বন্ধুরা। প্রবেশ অবাধ।

সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কৃষি ঋণ আউটরিচ ক্যাম্প

সুখবর ব্যুরো : সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার আঞ্চলিক অফিস কলকাতা উত্তর ১৪ নভেম্বর রানাঘাট ও বারাসাতে মেগা কৃষি ঋণ আউটরিচ ক্যাম্পের আয়োজন করে। আঞ্চলিক প্রধান সুনীল কুমার, জে সি মাইতি (ডিডিএ বারাসাত ১ নং ব্লক), সৌরভ সরকার (এডিএইচ বিভাগ, রানাঘাট ২ নং ব্লক)-এর উপস্থিতিতে এই কৃষি ঋণ মেলার সূচনা হয়। কৃষকদের বিপুল সংখ্যায় ঋণের অনুমোদনপত্র হস্তান্তর করা হয়। সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আঞ্চলিক অফিস কলকাতা উত্তর কৃষির উৎপাদন জোরদার করতে ও সময়োপযোগী ও সহজলভ্য ঋণের মাধ্যমে কৃষকদের সহায়তা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

ডোমজুড়ে স্বামীকে বাঁচাতে গিয়ে মারধরের শিকার গৃহবধূ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : শুক্রবার হাওড়ার ডোমজুড় থানার বাঁকড়া বাদামতলা এলাকায় দীর্ঘদিনের পারিবারিক সম্পত্তি নিয়ে বিবাদ চরম আকার নেয়। স্বামীকে বাঁচাতে গিয়ে শ্বশুরবাড়ির লোকদের হাতে বেধড়ক মার খান গৃহবধূ মদিনা বেগম মোল্লা। আশঙ্কাজনক অবস্থায় ওই গৃহবধূকে ডোমজুড় হাসপাতাল থেকে হাওড়া জেলা হাসপাতালে পাঠানো হয়। জানা গেছে, মদিনা বেগম মোল্লার স্বামী শেখ জাহাঙ্গিরের নামে বাঁকড়া বাদামতলায় ১টি দোকান আছে। ওই দোকান চালিয়েই জাহাঙ্গির স্ত্রী-সন্তানদের নিয়ে সংসার চালান। জাহাঙ্গিরের ভাই দস্তগীর মোল্লা সেই দোকানটি দখল করার চেষ্টা করায় দীর্ঘদিন ধরে অশান্তি চলছিল। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার বাড়িতে একা ছিলেন মদিনা বেগম মোল্লা। অভিযোগ, সেই সুযোগে তাঁর শাশুড়ি, দেওর ও জা মিলে তাঁকে বেধড়ক মারধর শুরু করেন। মদিনা বেগমের স্বামী জাহাঙ্গিরকেও মারধর করা হয় ও প্রাণনাশের হুমকি দেওয়া হয়। গুরুতর জখম অবস্থায় মদিনা বেগমকে প্রথমে ডোমজুড় প্রাথমিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে অবস্থার অবনতি হওয়ায় হাওড়া জেলা হাসপাতালে পাঠানো হয়। খবর পেয়ে মদিনা বেগমের ভাই শামিম গাজী বাড়ির লোক নিয়ে আসেন। দিদির এই অবস্থার জন্য শ্বশুরবাড়ির লোকেদের দায়ী করে তিনি ডোমজুড় থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। জখম মহিলার ভাই শামিম গাজী বলেন, 'সম্পত্তি ও দোকান নিয়ে দীর্ঘদিন ধরে অশান্তি চলছিল। আমার দিদির নামে একটাই দোকানঘর আছে। সেটা নেওয়ার জন্য বারবার অশান্তি হয়। বিচারসভাতেও আমার দিদিকে মারধর ও খুন করার হুমকি দেওয়া হয়েছে।' নিগৃহীত গৃহবধূ বলেন, 'আমার স্বামীকে মারছিল। স্বামীকে বাঁচাতে গেলে আমাকেও মারধর করা হয়। দোকান নিয়ে ঝামেলা হয়েছে। আমার শাশুড়ি, জা ও দেওররা এমন ঘটনা ঘটিয়েছে।' তদন্ত শুরু করেছে ডোমজুড় থানার পুলিশ।

হাওড়ার কালীমন্দিরে চুরির কিনারা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া থানা এলাকার পঞ্চাননতলা রোডের এক ঐতিহ্যবাহী কালীমন্দিরে কিছুদিন আগে ঘটে যাওয়া চুরির ঘটনার কিনারা করে এক দুষ্কৃতীকে গ্রেফতার করে হাওড়া সিটি পুলিশ। ধৃতের কাছ থেকে চুরি যাওয়া সব সোনা ও রূপোর অলঙ্কার, যার মধ্যে মায়ের রূপোর জিভও ছিল, তা উদ্ধার করা হয়েছে। ধৃতকে জিজ্ঞাসাবাদ করে অন্য কেউ জড়িত ছিল কিনা, তা জানার চেষ্টা চালাচ্ছে পুলিশ। চুরির অভিযোগ দায়ের হওয়ার পর পুলিশ সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে তদন্তে গতি আনে।

২০৩০ সালের মধ্যে প্রতিটি বাড়িতে ১জন ক্যান্সারের রোগী হবে : ডাঃ বিবর্তন সাহা

সুমন তালুকদার, বারাসাত : শনিবার এক নামজাদা বেসরকারি ডাইগোনেস্টিক সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে ডাক্তার তথা বারাসাত পুরসভার ২১নং ওয়ার্ডের পুরপিতা ডাঃ বিবর্তন সাহা বলেন, 'ক্যান্সার আর নো অ্যানসার নয়। এখন স্বাস্থ্যসাথীতে ক্যান্সারের চিকিৎসা হচ্ছে। ক্যান্সার চিকিৎসায় রাজ্য সরকার প্রভূত অগ্রগতি করেছে। ২০৩০ সালের মধ্যে প্রতিটি বাড়িতে ১জন ক্যান্সারের রোগী হবে।

ক্যান্সারের চিকিৎসার সঙ্গে প্রচারটাও দরকার। রেডিওলজি পরীক্ষা করতে আসা রোগীদের মধ্যে ২৫-৩০% রোগীই ক্যান্সার আক্রান্ত হন। তবে এই রোগ লড়াইয়ের জায়গা দেয়। যত তাড়াতাড়ি সনাক্ত হবে তত লড়াইটা সোজা হয়। আমাদের লড়াইটা করে যেতে হবে। বারাসাতের বুকে এই সংস্থায় ক্যান্সার সংক্রান্ত সব পরীক্ষাকেন্দ্র বারাসাতবাসী সহ পার্শ্ববর্তী এলাকার মানুষ বিশেষভাবে উপকৃত হবেন।' ছিলেন ক্যান্সার বিশেষজ্ঞ ডাঃ রাজশ্রী গোস্বামী, ডাঃ কৌস্তভ মণ্ডল সহ অন্যান্যরা।

NAME CHANGE

I, Ratan Paul, S/O- Late Suresh Chandra Paul, R/O- Vill. & P.O.- Joypul, P.S.- Duttapukur, Dist.- 24 PGS (N), Pin- 743234. Now I have changed my name & shall henceforth be known as Sri Ratan Kumar Paul as declared before the 1st Class Judicial Magistrate, 24 PGS North Court vide affidavit no. 8237 dated 15/11/2025, Ratan Paul and Sri Ratan Kumar Paul both are same and identical person.

নাম ও পদবি পরিবর্তন

আমি SNEHADRI MUKHOPADHYAY (Old Name), S/o- SASANKA SEKHAR MUKHERJEE, গ্রাম- খড়িডাঙ্গা, পোঃ- গাঁড়াকুপি, PS- মাটিয়া, উঃ ২৪ পরগনা, PIN- 743456, গত ইং 06-08-2024 1st ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টে 18402/24 নং এফিডেভিট বলে SNEHADRI MUKHERJEE (New Name) নামে পরিচিত হইলাম। SNEHADRI MUKHOPADHYAY (Old Name) এবং SNEHADRI MUKHERJEE (New Name) একই ব্যক্তি।

I, Ashanur Rahaman (Old Name), S/o- Asiruddin Sardar, residing at Vill.- Gilapukur, PO- Bithari, PS- Swarupnagar, Dist.- North 24 Pgs., shall henceforth be known as Ashanur Rahaman Sardar (New Name) as declared before the Court of Executive Magistrate, Basirhat vide Affidavit no. 5469/BC-I/25 dated 12.11.25. Ashanur Rahaman (Old Name) & Ashanur Rahaman Sardar (New Name) both are same & identical person.

SEWLI GRAM PANCHAYAT
Sewli Telinipara, Debpukur, 24 Parganas (N), Pin- 700121,

NIT has been invited by the Pradhan, Sewli Gram Panchayat under Barrackpore -II Panchayat Samity, North 24 PGS vide **NIT No.: SGP/691/2025 Dated: 14/11/2025, Tender ID : 2025_ZPHD_949884_1 to 2025_ZPHD_949884_4** under Fund A.P.A.S. Last date of bid submission **22.11.2025** or as per available slot in E-Tender website after **22.11.2025**. For details follow **http://wbtenders.gov.in**

Sd/-
Pradhan, Sewli Gram Panchayat

Tender notice invited by Beldanga-II Development Block, Saktipur, Murshidabad, Tender **No. 26/Bel-II/APAS/ 2025-26, 2nd Call, Memo No. 4168/1 (10)/Bel-II Date 14.11.2025.** Last Date Of Submission **21/11/2025 up to 01.00 P.M.** Opening dat **21/11/2025 after 01.30 P.M.**

Sd/-Beldanga-II Development Block, Saktipur, Murshidabad.

Tender notice invited by Beldanga-II Development Block, Saktipur, Murshidabad, Tender **No. 27/Bel-II/APAS/ 2025-26, 2nd Call Memo No. 4170/1 (10)/Bel-II Date 14.11.2025.** Last Date Of Submission **21/11/2025 up to 01.00 P.M.** Opening dat **21/11/2025 after 01.30 P.M.**

Sd/-Beldanga-II Development Block, Saktipur, Murshidabad.

Tender notice invited by Beldanga-II Development Block, Saktipur, Murshidabad, Tender **No. 28/Bel-II/APAS/ 2025-26, 2nd Call Memo No. 4172/1 (10)/Bel-II Date 14.11.2025.** Last Date Of Submission **21/11/2025 up to 01.00 P.M.** Opening dat **21/11/2025 after 01.30 P.M.**

Sd/-Beldanga-II Development Block, Saktipur, Murshidabad.

Tender notice invited by Beldanga-II Development Block, Saktipur, Murshidabad, Tender **No. 29/Bel-II/APAS/ 2025-26,2nd Call, Memo No. 4174/1 (10)/Bel-II Date 14.11.2025.** Last Date Of Submission **21/11/2025 up to 01.00 P.M.** Opening dat **21/11/2025 after 01.30 P.M.**

Sd/-Beldanga-II Development Block, Saktipur, Murshidabad.

Tender notice invited by Beldanga-II Development Block, Saktipur, Murshidabad, Tender **No. 40/Bel-II/APAS/ 2025-26, Memo No. 4180/1 (09)/Bel-II Date 14.11.2025.** Last Date Of Submission **14/11/2025 up to 01.00 P.M.** Opening dat **21/11/2025 after 01.30 P.M.**

Sd/-Beldanga-II Development Block, Saktipur, Murshidabad.

NAME CHANGE

I, Manju Prakash D/o Naresh Babu Balmiki R/o Siddha Galaxia Phase-2, Block Orion, Unit-1005, Raigachi, Rajarhat Main Road, , PS: Rajarhat, Dist: North 24 Parganas, West Bengal-700135 will henceforth be known as Manju Balmiki, vide Affidavit 1st Class Judicial Magistrate, Bidhannagar on 03.11.2025. Manju Prakash & Manju Balmiki is the same & identical person.

আমি, Sk Tamijuddin S/o Sk Nizamuddin, গ্রাম - পলাশবুনি, পো: গোগলা, থানা ফরিদপুর, জেলা পশ্চিম বর্ধমান, পশ্চিম বঙ্গ, পিন নং 713381. আমার পিতার প্রকৃত নাম Sk Nizamuddin যাহা আমার আধার, ভোটার এবং প্যান কার্ড ও আমার এবং পিতার অন্যান্য সকল সংশ্লিষ্ট ডকুমেন্টে নথিভুক্ত আছে। কিন্তু আমার সকল শিক্ষাগত শংসাপত্রে এবং সংশ্লিষ্ট WBBSE & WBCHSE - এডমিট কার্ড, সার্টিফিকেটে আমার পিতার নাম নথিভুক্ত হয়েছে Sk Nijamuddin. গত 11.11.2025, পশ্চিম বর্ধমান জেলার দুর্গাপুর কোর্টে J. M. 1st Class কর্তৃক এফিডেভিট দ্বারা ঘোষণা করছি যে আমার পিতা Sk Nizamuddin এবং Sk Nijamuddin এক এবং অভিন্ন ব্যক্তি।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল ... রূপা দাস, স্বামী- সনৎ দাস, সাং- তেঘরিয়া, পোষ্ট- যুবেরিয়া, থানা- ঘোলা, জেলা- উত্তর ২৪ পরগনা, রাজ্য- পশ্চিমবঙ্গ। বিগত ২৮/০৮/২০২৫ তারিখে থানা- হাসনাবাদ, মৌজা- আমলানী, (জে, এল নং- ৪৬), এল. আর. খতিয়ান নম্বর ১১৪, দাগ নম্বর ৩৯৬/৭৮৯, ২.৭০ শতক জমি...২৫৬১ নং রেজিস্ট্রিকৃত দলিল মূলে আমমোক্তার নিযুক্ত ঈশ্বর তারাপদ রায় এর ওয়ারিশগনেদের নিকট হইতে ক্রয় করে। এক্ষণে আমার মক্কেল উক্ত জমিটি নিজ নামে রেকর্ড ভুক্ত করিবার জন্য আবেদন করেছে, এবিষয়ে কাহারো কোনো আপত্তি থাকলে আগামী ১৫ দিনের মধ্যে হাসনাবাদ ভূমি সংস্কার অফিসে লিখিত জানান। কেস নং- ১৫২২৩/২০২৫

অরিন্দম গোলদার
আইনজীবি, বসিরহাট কোর্ট

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের উদ্দেশ্যে জানানো যাইতেছে যে, দাতা লক্ষীকান্ত হালদার, পিতা মৃত- মনোহর হালদার, সাং-টি.এন স্কুল গেট নং-২, দুর্গাপুর, থানাঃ- কোক ওভেন, জেলাঃ- বর্দ্ধমান। বিগত ২৫-০৮-১৯৯৯ তারিখে দুর্গাপুর, এ.ডি.এস.আর. অফিসে IV-২৪৪/৯৯ নং আমোক্তা নামা দলিলে চিনময় দেবনাথ, পিতা- চিত্তরঞ্জন দেবনাথ, সাং-লালপুর, পোঃ- ও থানা- চাকদহ, জেলা-নদীয়া, কে ক্ষমতা প্রদান করেন ক্ষমতা প্রাপ্ত চিনময় দেবনাথ এ.ডি.এস.আর চাকদহ অফিসে দলিল নং- ৩৫৮৮/১৯৯৯, তারিখ- ২৮-০৯-১৯৯৯ অনুযায়ী দলিলে উল্লেখিত নিম্নলিখিত তপশীল সম্পত্তি ক্রেতা মীনা বিশ্বাস, স্বামী- নারায়ন চন্দ্র বিশ্বাস, সাং- লালপুর, পদ্মপুকুর, পো ঃ ও থানা ঃ- চাকদহ, জেলা- নদীয়া, কে বিক্রয় করেন। সম্পত্তির রেকর্ড ভুক্ত করার জন্য আবেদন করিতেছেন। এই বিষয়ে কাহারো কোন আপত্তি থাকিলে বিজ্ঞাপন প্রকাশের ৩০ দিনের মধ্যে চাকদহ বি.এল.এ্যান্ড.এল.আরও. অফিসে যোগাযোগ করিবেন।

তপশীল

থানা- চাকদহ, জেলা-নদীয়া, ২নং তাঁতলা পঞ্চায়েত ভুক্ত ২০নং লালপুর মৌজার মধ্যে সাবেক ৭২৬ হাল ১৮৪৪ দাগে ১২ শতকের মধ্যে ২.৪ শকত জমি বিক্রিত।

Sd/-
Sourav Sen
Advocate, Kalyani Court, Nadia

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের উদ্দেশ্যে জানানো যাইতেছে যে, দাতা রতন মজুমদার ওরফে রতন দাস, সাং-কেউটা ১নং গভঃ কলোনী, পোঃ- সাহাগঞ্জ, থানা- চুঁচুড়া, জেলা-হুগলী, ২। জ্যোৎস্না ঘোষ, স্বামী- বিমল চন্দ্র ঘোষ, সাং-এ-২৪৫ আভাস বিকাশ কলোনী, পোঃ সিপরি বাজার, থানাঃ ও জেলা- ঝাঁসি, রাজ্যঃ- উত্তর প্রদেশ, ৩। লালি দাস, স্বামী, নিখিল দাস, সাং- পিয়ারা বাগান রোড, পোঃ ও থানাঃ- চুঁচুড়া, জেলাঃ- হুগলী। ৪। চন্দনা দে, স্বামী- অসিত কুমার দে, সাং- বলাগড়, পোঃ ও থানাঃ- চুঁচুড়া, জেলা-হুগলী। সকলের পিতা মৃত, ননী গোপাল মজুমদার ওরফে ননী গোপাল দাস, বিগত ১১-১১-২০২২ তারিখে চাকদহ এ.ডি.এস.আর. অফিসে ২৩০/২২ নং আমোক্তা নামা দলিলে (১) অনিবাস মুখার্জী, পিতা মৃত- জ্যোতিষ মুখার্জী, (২) সৌরভ সেন, পিতা গৌরাঙ্গ সেন, উভয়ের সাং- লালপুর, বোসপাড়া, পোঃ- ও থানা- চাকদহ, জেলা- নদীয়া, কে ক্ষমতা প্রদান করেন ক্ষমতা প্রাপ্ত অনিবাস মুখার্জী ও সৌরভ সেন দের এ.ডি.এস.আর চাকদহ অফিসে দলিল নং- ৭৬২/২০২৪, তারিখ- ১৬-০২-২০২৪ অনুযায়ী দলিলে উল্লেখিত নিম্নলিখিত তপশীল সম্পত্তি ক্রেতা সোমা দেবনাথ, (স্বামী- শিবাশীষ দাস), পিতা- বাসুদেব দেবনাথ, সাং- নাসরা কলোনী, পোঃ- নাসরা, থানা ঃ- রানাঘাট, জেলাঃ- নদীয়া, কে বিক্রয় করেন। সম্পত্তির রেকর্ড ভুক্ত করার জন্য আবেদন করিতেছেন। এই বিষয়ে কাহারো কোন আপত্তি থাকিলে বিজ্ঞাপন প্রকাশের ৩০ দিনের মধ্যে চাকদহ বি.এল.এ্যান্ড.এল.আরও. অফিসে যোগাযোগ করিবেন।

তপশীল

থানা- চাকদহ, জেলা-নদীয়া, ২নং তাঁতলা পঞ্চায়েত ভুক্ত হাল ১২ নং তৌজি ভুক্ত ১৮ নং সরমস্তপুর মৌজার মধ্যে এল.আর.- ২১২৫, ২১২৬, ২১২৮ ও ২১২৯ নং খতিয়ানে তন্মধ্যে বর্ণিত দাগে প্রতিটি খতিয়ান হইতে ২.৪৭৫ শতক ফাঁকা জমি বিক্রিত।

Sd/-
Sourav Sen
Advocate, Kalyani Court, Nadia

MLD বাতেলি টী কোম্পানী লিমিটেড

CIN : L40100WB1919PLC003227
রেজিস্টার্ড অফিস : ১৩০ কটন স্ট্রীট, এ-৭ কলকাতা-৭০০০০৭
ফোন : +৯১-৩৩-৪০৯২-২৪১৫, ইমেল : kolkata@mldgroup.in, ওয়েবসাইট : www.mldalmiagroup.com

৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ

৩০.০৯.২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ ১৪.১১.২০২৫ তারিখে অনুষ্ঠিত বৈঠকে কোম্পানীর পরিচালকবর্গের দ্বারা অনুমোদিত হয়েছে। ফলাফল সহ নিরীক্ষকগণের সীমিত পর্যালোচিত প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট **https://mldgroup.in/reports/pdf/bateli_quarterly_financial_results/2025-26/BTCL-FR-Quarterly-Results-Sep25.pdf**-তে উপলব্ধ এবং কিউআর কোড স্ক্যান করেও পাওয়া যাবে।

স্থান : কলকাতা
তারিখ : ১৪.১১.২০২৫

বাতেলি টি কোম্পানি লিমিটেড এর পক্ষে
স্বাক্ষর
মণীশ ডালমিয়া, ডিরেক্টর
DIN : 00264752

দ্রষ্টব্য : উপরোক্ত তথ্য সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা সহ রেগুলেশন ৪৭(১) অনুযায়ী করা হয়েছে।

MLD ডালমিয়া ল্যামিনেটর্স লিমিটেড

CIN : L51491WB1986PLC040284
রেজিস্টার্ড অফিস : ১৩০ কটন স্ট্রীট, কলকাতা-৭০০০০৭
ফোন : +৯১-৩৩-৪০৯২-২৪১৫, ইমেল : kolkata@mldgroup.in, ওয়েবসাইট : www.mldalmiagroup.com

৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ

৩০.০৯.২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ ১৪.১১.২০২৫ তারিখে অনুষ্ঠিত বৈঠকে কোম্পানীর পরিচালকবর্গের দ্বারা অনুমোদিত হয়েছে। ফলাফল সহ নিরীক্ষকগণের সীমিত পর্যালোচিত প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট **https://mldgroup.in/reports/pdf/dalmia_quarterly_financial_results/2025-26/DLL-fr_quarterly_results-Sep25.pdf**-তে উপলব্ধ এবং কিউআর কোড স্ক্যান করেও পাওয়া যাবে।

স্থান : কলকাতা
তারিখ : ১৪.১১.২০২৫

ডালমিয়া ল্যামিন